

ভীৰু হাত কাঁপেনি  
অজুহাত খোঁজেনি,  
ভেজা শ্ৰোত ছোটে  
জীৰ্ণ শিরদাঁড়া বেয়ে।

এই রাত হাসেনি  
শূন্যতায় ভাসেনি,  
বুকচেরা নোনা ছাণ  
শুধু আসে ধেয়ে!

আঁধারে মিশে একাকার  
মুখ চেপে কাঁদে অধিকার,  
শবের মিছিলে, বোবা শ্লোগানে  
মৃতপ্রায় এ জীবনের গান।

ওৎ পেতে চেনা বাঁকে  
শকুনেরা পিছু ডাকে,  
লাশ টেনে ছিঁড়ে খাবে  
নোনা স্বাদে, চেনা উৎসবে!

বিয়োগের শোকে  
ভেসে যাওয়া চোখে,  
কান পেতে শোনো  
বুকচেরা আর্তনাদ!

ভেঙে যাওয়া কাঁধে  
প্রজাপতি কাঁদে,  
চোখ খুলে দেখো  
মুখ-মাখা প্রতিবাদ।

মৌনতার কোন ভাষা নেই,  
আঘাতে কোন ব্যথা নেই...  
নেই!

সব আজ পুড়ে যাবে!  
পোড়া শোকে উড়ে যাবে!  
ছাই হয়ে মিশে যাবে,  
ছোট্ট অভিশাপে!